**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 12-07-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

(১) **মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ ৫0 শয্যা বিশিষ্ট ড. শ্যামাপ্রসাদ মুখার্জী আগরতলা সিভিল হাসপাতালের উদ্বোধন করেন।**

(২) **প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তিন দেশ সফর শেষে আজ নতুনদিল্লীতে ফিরে এসেছেন।**

(৩) **মুখ্যমন্ত্রী আগামীকাল গোমতি জেলার ৯৩ কোটি ২৪ লক্ষ টাকার ১0টি উন্নয়ন মূলক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন l**

**(৪) টিএফএ পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতা আজ থেকে শুরু।**

************************************************************

**CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ ৫0 শয্যা বিশিষ্ট ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জী আগরতলা সিভিল হাসপাতালের উদ্বোধন করেন। সমগ্র আগরতলা সহ শহরতলীর বিভিন্ন এলাকার জনগণের কাছে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দিতে এই হাসপাতাল অন্যতম ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন। মহারাণী তুলসীবতি বালিকা বিদ্যালয়ের প্রাঙ্গণে এক অনুষ্ঠানে হাসপাতালের উদ্বোধনের পর তিনি বলেন, সান্ধ্যকালীন ওপিডি পরিষেবাও চালু থাকবে এই হাসপাতালে। পাইলট প্রজেক্ট হিসাবে এই হাসপাতালের সূচনা হয়েছে। এই মডেল সফল হলে, বাকি ১৯টি নগর সংস্থায় এই উদ্যোগ গ্রহণ করা হবে। তিনি আরও বলেন,

প্রাথমিক স্তর পর্যন্ত উন্নতমানের স্বাস্থ্য পরিষেবা প্রদানে ইন্টিগ্রেটেড হেলথ সিস্টেম বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে সরকারের। মুখ্যমন্ত্রী বলেন, আধুনিক সুবিধাযুক্ত এই হাসপাতালে প্রতিটি বেডের সাথে অক্সিজেনের ব্যবস্থা রয়েছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেয়র দীপক মজুমদার, ডেপুটি মেয়র মণিকা দাস দত্ত প্রমুখ।

**************************

**PM-Tour:**

ছয় দিনের ইন্দোনেশিয়া, অস্ট্রেলিয়া এবং নিউজিল্যান্ড সফর শেষ করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে ফিরে এসেছেন। ত্রিদেশীয় সফরের প্রথম পর্যায়ে তিনি ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি প্রাবোও সুবিয়ান্তোর আমন্ত্রণে সে দেশ সফর করেন। সফরে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও দৃঢ় করতে দুটি দেশের মধ্যে বিস্তারিত আলোচনা হয়। সফরের দ্বিতীয় পর্বে প্রধানমন্ত্রী শ্রী মোদী অস্ট্রেলিয়ার মেলবোর্নে পৌঁছান। সেখানে তৃতীয় ভারত– অস্ট্রেলিয়া বার্ষিক শিখর সম্মেলনে অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি আলবানিজের সঙ্গে মত বিনিময় করেন। এছাড়াও, ভারত অস্ট্রেলিয়া সিইও ফোরামের বৈঠকে তিনি অংশ নেন। প্রধানমন্ত্রী শেষ পর্যায়ে নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লুক্সনের আমন্ত্রণে অকল্যান্ড সফর করেন। দীর্ঘ 40 বছর এই প্রথম ভারতের কোন প্রধানমন্ত্রী নিউজিল্যান্ড গেছেন।

**************************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রখ্যাত প্লেব্যাক সঙ্গীতশিল্পী এস. জানকি আম্মার প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি বলেন, এস. জানকি আম্মার প্রয়াণ সঙ্গীত ও সংস্কৃতির জগতে এক অপূরণীয় ক্ষতি। বিভিন্ন ভাষায় তাঁর গাওয়া গান প্রজন্মের পর প্রজন্ম ধরে জনপ্রিয় এবং তিনি অনন্য

দক্ষতা ও সাবলীলতায় প্রতিটি অনুভূতিকে কণ্ঠ দিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, তাঁর সুরেলা গান আগামী দিনেও শ্রোতাদের মুগ্ধ করে যাবে। এই শোকের মুহূর্তে তিনি তাঁর পরিবার, অসংখ্য অনুরাগী এবং সমগ্র সঙ্গীত জগতের প্রতি সমবেদনা জানান।

**************************

**CM- Udaipur:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগামীকাল উদয়পুরে গোমতী জেলার ৯৩ কোটি ২৪ লক্ষ টাকার ১০টি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন l এজন্য উদয়পুরে প্রশাসনিক স্তরে ব্যাপক প্রস্তুতি চলছে l উদয়পুরের রাজর্ষি কলাক্ষেত্রে আয়োজিত অনুষ্ঠানে স্বাস্থ্য, শিক্ষা, ক্রীড়া, রাজস্ব, গ্রামীণ উন্নয়ন ও শ্রম দপ্তর-সহ মোট ১০টি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করার কথা রয়েছে l প্রকল্পগুলির মধ্যে উল্লেখযোগ্য হলো উদয়পুর মহকুমা হাসপাতালের নতুন ভবন নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন, বিভিন্ন ইংলিশ মিডিয়াম বিদ্যালয়ের পরিকাঠামো উন্নয়ন ইত্যাদি|

**************************

**PMAYG :**

প্রধানমন্ত্রী আবাস যোজনায় আজ পশ্চিম জেলার কাঠালতলি এবং মলয়নগর গ্রাম পঞ্চায়েতে ১০৩৪ জন উপভোক্তার হাতে ঘরের অনুমোদনপত্র তুলে দেওয়া হয়েছে। দুই গ্রাম পঞ্চায়েতে অনুষ্ঠানের মাধ্যমে এগুলি তুলে দেন রাজ্য বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল। শ্রী পাল জানান, কাঠালতলি গ্রাম পঞ্চায়েতে ৬৭০ জনের হাতে এবং মলয়নগর গ্রাম পঞ্চায়েতে ৩৬৪ জনের হাতে অনুমোদন পত্র তুলে দেওয়া হয়।

**************************

**Mayor Visit :**

আগরতলা পুর নিগমের ১১ নম্বর ওয়ার্ড এলাকার অভয়নগর বাজারে নির্মীয়মান লেক প্রকল্পের কাজ সরেজমিনে পরিদর্শন করলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। পরিদর্শনকালে মেয়র নির্মাণকাজের অগ্রগতি খতিয়ে দেখেন। তিনি জানান, রাজ্য সরকারের মূল লক্ষ্য মানুষের উন্নয়ন ও নাগরিকদের জন্য আধুনিক পরিকাঠামো গড়ে তোলা। প্রায় চার কোটি টাকা ব্যয়ে নির্মিত এই লেকটির সংস্কার শুধু এলাকার সৌন্দর্য বৃদ্ধি করবে না, পাশাপাশি এটি স্থানীয় বাসিন্দাদের বিনোদন ও অবসর কাটানোর একটি আকর্ষণীয় কেন্দ্র হিসেবেও গড়ে উঠবে।

**************************

**BJP District Committee Meeting:**

ভারতীয় জনতা পার্টির খোয়াইয়ের নবগঠিত পূর্ণাঙ্গ জেলা কমিটির প্রথম সাংগঠনিক সভা আজ বিজেপি খোয়াই জেলা কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন বিজেপির প্রদেশ সাধারণ সম্পাদক তথা বিধায়ক ভগবান চন্দ্র দাস, তেলিয়ামুড়ার বিধায়িকা তথা রাজ্য বিধানসভার সরকারি মুখ্য সচেতক কল্যাণী রায়, বিজেপি খোয়াই জেলা কমিটির সভাপতি সমীর কুমার দাস প্রমুখ| সভায় সাংগঠনিক শক্তি বৃদ্ধি সহ অন্যান্য বিষয় নিয়ে আলোচনা হয়।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং

ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

**************************

## Mayor Health Camp :

আসন্ন রথযাত্রা উপলক্ষে আজ আগরতলার জগন্নাথ জিও মন্দিরে স্বাস্থ্য শিবির, বিনামূল্যে ওষুধ বিতরণ ও রক্তদান উৎসবের আয়োজন করা হয়। এই কর্মসূচির উদ্বোধন করেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। উপস্থিত ছিলেন ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত, প্রশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বিশ্বজিৎ শীল, কর্পোরেটর রত্না দত্ত প্রমুখ। আয়োজকরা জানান, ধর্মীয় উৎসবের পাশাপাশি সমাজসেবামূলক কর্মকাণ্ডকে উৎসাহিত করতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে।

**************************

## Yarn Distribution:

মুখ্যমন্ত্রী জনজাতি উন্নয়ন প্রকল্পে কৈলাশহর মহকুমার ৬০৬ জন জনজাতি মহিলাকে বিনামূল্যে সুতা দেওয়া হবে। মহকুমা কল্যাণ আধিকারিক মতিরঞ্জন দেববর্মা  আজ জানান, প্রত্যেক সুবিধাভোগী মহিলাকে দেড় কেজি করে সুতা দেওয়ার লক্ষ্যে সুবিধাভোগী নির্বাচনের জন্য যথাযথ প্রক্রিয়া চলছে। রিগনাই বা পাছড়া তৈরি"র জন্য সুতা দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে বলে তিনি জানিয়েছেন।

**************************

**Naresh Ch. Debbrma :**

আগরতলার সুকান্ত একাডেমিতে আজ কল্যাণ আশ্রমের উদ্যোগে পদ্মশ্রী সম্মানপ্রাপ্ত শিক্ষাবিদ নরেশচন্দ্র দেববর্মাকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাক্তন বিধায়ক ডা. অতুল দেববর্মা। তিনি সমাজ, সংস্কৃতি ও জনজাতি সম্প্রদায়ের উন্নয়নে নরেশচন্দ্র দেববর্মার অবদানের ভূয়সী প্রশংসা করেন। সংবর্ধনা অনুষ্ঠানে নরেশচন্দ্র দেববর্মা এই সম্মানকে সকলের ভালোবাসার স্বীকৃতি বলে উল্লেখ করেন এবং সমাজের কল্যাণে ভবিষ্যতেও কাজ করে যাওয়ার অঙ্গীকার ব্যক্ত করেন।

**************************

**Vice-Chancellor- CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহার সঙ্গে সাক্ষাৎ করলেন ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. দেবব্রত দাস। মুখ্যমন্ত্রীর সরকারী বাসভবনে সাক্ষাৎকালে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়ন, উচ্চশিক্ষার প্রসার, গবেষণা, পরিকাঠামোগত উন্নয়ন এবং বিশ্ববিদ্যালয়-সম্পর্কিত বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা হয়েছে।

**************************

**Janatar Darbar- Udaipur:**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ নিজ বিধানসভা এলাকার সাধারণ মানুষের সঙ্গে সরাসরি যোগাযোগ স্থাপন করতে জনতার দরবার কর্মসূচিতে অংশ নেন। সাধারণ মানুষের সমস্যার কথা শুনে দ্রুত সমাধানেরও আশ্বাস দেন।

**************************

**SFI :**

জনগণনার কাজে ব্যাপক সংখ্যায় শিক্ষকদের নিয়োজিত করার সিদ্ধান্তের প্রতিবাদ জানিয়েছে ছাত্র সংগঠন এসএফআই। সংগঠনের সম্পাদক সৃজন দেব এক বিবৃতিতে জানিয়েছেন, রাজ্যে সরকারি স্কুলগুলিতে শিক্ষক সংকট রয়েছে। এই অবস্থায় জনগণনার কাজে শিক্ষকদের যুক্ত করা হলে ছাত্রছাত্রীদের লেখাপড়া বিঘ্নিত হবে| এতে পড়ুয়ারা ক্ষতিগ্রস্থ হবে|

**************************

**Congress Meeting :**

আজ প্রদেশ কংগ্রেস ভবনে যুব কংগ্রেসের স্টেট এক্সিকিউটিভ কমিটির এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে পৌরহিত করেন যুব কংগ্রেস সভাপতি নীলকমল সাহা। তিনি বলেন আগামী ১৭ জুলাই দেরাদুনের "ছাত্র কি গুঞ্জ" নামক একটি অনুষ্ঠানে যোগ দেবেন সর্বভারতীয় কংগ্রেস নেতা রাহুল গান্ধী। সেই অনুষ্ঠানটি রাজ্যের বিভিন্ন কলেজের সামনে সরাসরি সম্প্রচার করা হয়| এছাড়া বৈঠকে বিভিন্ন কর্মসূচি নিয়ে আলোচনা হয় বলে তিনি জানিয়েছেন|

**************************

**Football:**

ত্রিপুরা ফুটবল টুর্নামেন্ট এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত উদ্বোধনী খেলায় বিবেকানন্দ ক্লাব জয়লাভ করে। বিবেকানন্দ ৩-১ গোলে বীরেন্দ্র ক্লাবকে হারিয়ে দেয়। খেলা শুরু হওয়ার আগে সাংসদ রাজীব ভট্টাচার্য আসরের সূচনা করেন। মোট ৯টি দলকে নিয়ে সিঙ্গেল লিগের ভিত্তিতে চ্যাম্পিয়নশিপের ফয়সলা হবে।

**************************

**FIFA World Cup:**

২০২৬ ফুটবল বিশ্বকাপের সেমিফাইনালে ইংল্যান্ড ও আর্জেন্টিনা পরস্পরের মুখোমুখি হবে। তৃতীয় কোয়ার্টার ফাইনালে নরওয়েকে ২-১ ব্যবধানে পরাজিত করে ইংল্যান্ড। আর আজ সকালে শেষ কোয়ার্টার ফাইনালে স্যুইজারল্যান্ডের বিপক্ষে ৩-১ গোলের ব্যবধানে জয় পায় আর্জেন্টিনা। উভয় ম্যাচই নির্ধারিত ৯০ মিনিটের পর অতিরিক্ত সময়ে মীমাংসা হয়।

*************************

**Weather:**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.১ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৬.৪ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ২.৪ মিলিমিটার।

*************************

*************************